রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মার্চ ৩১, ২০১০**

**[ বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

**বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ ফাল্গুন ১৪১৬/২৩ ফেব্রুয়ারি ২০১০

**এস, আর, ও নং ৫৪-আইন/২০১০।**—Bangladesh Standards and Testing Institution Ordinance, 1985 (Ord. No. XXXVII of 1985) এর section 37, section 20 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **শিরোনাম।**—এই প্রবিধানমালা বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(১) "অডিট টিম" অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে অডিট কাজ পরিচালনার জন্য নিয়োজিত এক বা একাধিক অডিটর, এবং প্রয়োজনে সহায়তা প্রদানের জন্য নিয়োজিত কারিগরি বিশেষজ্ঞও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(২) "অডিটর" অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে অডিট পরিচালনার জন্য নিয়োজিত অডিটর;

(৩) "অধ্যাদেশ" অর্থ Bangladesh Standards and Testing Institution Ordinance, 1985 (Ord. No. XXXVII of 1985);

(৪) "আইএসও" অর্থ আন্তর্জাতিক মানসংস্থা;

(৫) "এইচএসিসিপি (HACCP)" অর্থ শিল্প উৎপাদন বা সেবা প্রদানে ঝুঁকি বিশ্লেষণ এবং সংকটপূর্ণ মাত্রার নিয়ন্ত্রণ পদ্ধতি;

(৬) "কনফরমিটি এসেসমেন্ট" অর্থ ম্যানেজমেন্ট সিস্টেম এর আওতায় কোন প্রতিষ্ঠানের কোন পণ্য বা সেবা প্রদান পদ্ধতি সম্পর্কিত প্রয়োজনীয় চাহিদা পূরণের বিষয় নির্ধারণ;

(৭) "কমিটি" অর্থ ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন কমিটি;

(৮) "কাউন্সিল" অর্থ ইন্সটিটিউশন এর কাউন্সিল;

(৯) "তফসিল" অর্থ এই প্রবিধানমালার তফসিল;

(১০) "নির্ধারিত" অর্থ বিএসটিআই কর্তৃক নির্ধারিত;

(১১) "প্রতিষ্ঠান" অর্থ কোন শিল্প কারখানা বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান;

(১২) "ফরম" অর্থ তফসিল ১ এর ফরম;

(১৩) "বিএসটিআই" অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন;

(১৪) "বিডিএস" অর্থ অধ্যাদেশ ও সংজ্ঞায়িত Bangladesh Standard বা বাংলাদেশ মান;

(১৫) "ম্যানেজমেন্ট সিস্টেম" অর্থ অধ্যাদেশ ও এই প্রবিধানমালার অধীন কোন প্রতিষ্ঠানের পণ্য উৎপাদন বা সেবা প্রদান পদ্ধতির ক্ষেত্রে আইএসও ও সিএসি কর্তৃক প্রণীত এবং বিএসটিআই কর্তৃক নির্ধারিত বাংলাদেশ মানসমূহের চাহিদা পূরণের যোগ্যতার মাপকাঠি নির্ধারণ পদ্ধতি;

(১৬) "লাইসেন্স" অর্থ আগ্রহী কোন প্রতিষ্ঠানকে উহার পণ্য উৎপাদন বা সেবা প্রদান পদ্ধতির অনুকূলে এই প্রবিধানমালার অধীন প্রদত্ত ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স;

(১৭) "সিএসি (CAC)" অর্থ আন্তর্জাতিক খাদ্যসংস্থা (FAO) ও আন্তর্জাতিক স্বাস্থ্যসংস্থা (WHO) এর খাদ্য ও পানীয় সংক্রান্ত আন্তর্জাতিক মানসংস্থা;

(১৮) "স্ট্যান্ডার্ড মার্ক" অর্থ অধ্যাদেশ ও সংজ্ঞায়িত Standard Mark।

৩। **ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স প্রদান।**—অধ্যাদেশ ও এই প্রবিধানমালার বিধান অনুসারে, বিএসটিআই ম্যানেজমেন্ট সিস্টেম সাটিফিকেশন কমিটির পরামর্শক্রমে, ম্যানেজমেন্ট সিস্টেম বিষয়ে আইএসও ও সিএসি কর্তৃক প্রণীত এবং বিএসটিআই কর্তৃক নির্ধারিত বাংলাদেশ মানসমূহের চাহিদা পূরণে সক্ষম আগ্রহী প্রতিষ্ঠানের অনুকূলে ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স প্রদান করিবে।

৪। **ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন কমিটি।**—(১) অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন কমিটি (এমএসসিসি) গঠিত হইবে, যথা ঃ—

(ক) মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(খ) বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি;

(গ) শিল্প মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি;

(ঘ) মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি;

(ঙ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর একজন প্রতিনিধি;

(চ) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এর একজন প্রতিনিধি;

(ছ) রপ্তানী উন্নয়ন ব্যুরো এর একজন প্রতিনিধি;

(জ) বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ এর একজন প্রতিনিধি;

(ঝ) ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) এর একজন প্রতিনিধি;

(ঞ) বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এর একজন প্রতিনিধি;

(ট) বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ) এর একজন প্রতিনিধি;

(ঠ) বাংলাদেশ এসাসিয়েশন অফ ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ এর একজন প্রতিনিধি;

(ড) বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন এর একজন প্রতিনিধি;

(ঢ) কনজ্যুমারস এসোসিয়েশন অফ বাংলাদেশ (ক্যাব) এর একজন প্রতিনিধি;

(ণ) বিএসটিআই এর সংশ্লিষ্ট পরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) কমিটির সভা বৎসরে অন্ততঃ চারবার অনুষ্ঠিত হইবে এবং সভার নোটিশ সভা অনুষ্ঠানের সাত কার্যদিবস পূর্বে সদস্যদের নিকট প্রেরণ করিতে হইবে, তবে জরুরী ক্ষেত্রে চব্বিশ ঘণ্টার নোটিশে সভা অনুষ্ঠান করা যাইবে।

(৩) কমিটির সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটে সভার সকল সিদ্ধান্ত গৃহীত হইবে।

(৪) কমিটির সভার কোরামের জন্য কমিটির এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে।

৫। **কমিটির ক্ষমতা ও দায়িত্ব।**—কমিটি অধ্যাদেশ ও এই প্রবিধানমালার অধীন নিম্নরূপ ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবে, যথা ঃ—

(ক) আগ্রহী প্রতিষ্ঠানের কনফরমিটি অ্যাসেসমেন্ট সম্পাদনের জন্য প্রয়োজনীয় যোগ্যতার মাপকাঠি নির্ধারণ এবং উহাদের চাহিদার প্রেক্ষিতে ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স প্রদান, নবায়ন, স্থগিত, বাতিল, ইত্যাদি বিষয়ে বিএসটিআইকে পরামর্শ প্রদান;

(খ) আইএসও, সিএসি এবং অন্যান্য জাতীয় ও আন্তর্জাতিক মান সংস্থার নির্ধারিত চাহিদা অনুযায়ী ম্যানেজমেন্ট সিস্টেম কার্যক্রমের নিশ্চয়তা বিধান ও উন্নয়নের বিষয়ে বিএসটিআইকে পরামর্শ প্রদান;

(গ) আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য ম্যানেজমেন্ট সিস্টেম কার্যক্রমে বিএসটিআই এর আন্তর্জাতিক সহযোগিতা ত্বরান্বিতকরণ পরামর্শ প্রদান;

(ঘ) ম্যানেজমেন্ট সিস্টেম বিষয়ে অডিটরদের প্রশিক্ষণ, সেমিনার আয়োজন এবং ম্যানেজমেন্ট সিস্টেম সংক্রান্ত তথ্যের সম্প্রসারণের বিষয়ে বিএসটিআইকে পরামর্শ প্রদান;

(ঙ) ম্যানেজমেন্ট সিস্টেম কার্যক্রমের সহিত সম্পৃক্ত বিদেশী ও আন্তর্জাতিক গোষ্ঠী ও বিএসটিআই এর মধ্যে চুক্তি সম্পাদনের বিষয়ে পরামর্শ প্রদান;

(চ) উপরে বর্ণিত কার্যাবলীর সহিত প্রাসংগিক ও আনুষংগিক অন্যান্য সকল কর্মকাণ্ড সম্পাদনে বিএসটিআইকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা।

৬। **লাইসেন্স এর জন্য আবেদন।**—(১) আগ্রহী কোন প্রতিষ্ঠান এই প্রবিধানমালার অধীন ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স এর জন্য বিএসটিআই এর নিকট তফসিল ২ এ উল্লিখিত আবেদন ফিসহ ফরম-১ এ আবেদনপত্র দাখিল করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রত্যেক আবেদনকারীকে, আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত কোয়ালিটি ম্যানুয়াল এবং উহার ব্যবস্থাপনার জন্য ঘোষিত পদ্ধতি ও উহা পরিচালনার সকল দলিলাদিসহ, ফরম-২ এ উল্লিখিত প্রশ্নমালা পূরণ করতঃ আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (১) ও (২) এর অধীন দাখিলকৃত আবেদনপত্র, দলিলাদি ও প্রশ্নোত্তর প্রাপ্তির পর বিএসটিআই উহার একটি তালিকা প্রস্তুত করতঃ আবেদনকারীকে একটি স্বীকৃতিপত্র প্রদান করিবে।

(৪) এই প্রবিধানের অধীন দাখিলকৃত আবেদনপত্র যাচাই-বাছাই এর লক্ষ্যে বিএসটিআই আবেদনকারীর নিকট আবেদনের সমর্থনে কোন তথ্য অথবা দালিলিক প্রমাণ চাহিতে পারিবে এবং আবেদনকারী নির্ধারিত সময়ের মধ্যে উক্ত তথ্য বা প্রমাণ দাখিল করিবে।

৭। **অডিট**।—(১) প্রবিধান ৬(৪) এর অধীন তথ্য-প্রমাণ দাখিলের পর বিএসটিআই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পণ্য উৎপাদন বা সেবা প্রদান পদ্ধতির কনফরমিটি এসেসমেন্ট পরিচালনার লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানে এই প্রবিধানমালার অধীন অডিট পরিচালনা করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন অডিট পরিচালনার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিএসটিআই এর নিকট তফসিল ২ এ উল্লিখিত প্রয়োজনীয় অডিট ফি দাখিল করিবে।

(৩) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কি ধরণের দক্ষতাসম্পন্ন অডিট টিম কর্তৃক অডিট প্রয়োজন হইবে উহা নির্ধারণের জন্য বিএসটিআই উক্ত প্রতিষ্ঠানের আকৃতি, প্রকৃতি, পরিচালনার ধরণ এবং প্রস্তুতি, ইত্যাদি পরিদর্শনের ব্যবস্থা করিবে।

(৪) বিএসটিআই আন্তর্জাতিক মানের যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিবর্গকে অডিটর নিয়োগ করিবে এবং এইরূপ নিয়োজিত অডিটরগণ এই প্রবিধানমালার অধীন নির্ধারিত শর্তাবলী অনুসরণক্রমে অডিট সম্পাদন করিবেন।

(৫) একজন প্রধান অডিটরের (Lead Auditor) নেতৃত্ব নিয়োজিত অডিট টিম নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অডিট সম্পাদন করিবে।

(৬) উপ-প্রবিধান (৫) এর অধীন অডিট সম্পাদনের পর অডিট টিম বিএসটিআই এর নিকট সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উপর একটি অডিট প্রতিবেদন দাখিল করিবে।

৮। **লাইসেন্স মঞ্জুর**।—(১) প্রবিধান ৬ এর অধীন দাখিলকৃত আবেদনপত্র, দলিলাদি ও প্রশ্নমালায় উল্লিখিত তথ্যাদি এবং প্রবিধান ৭(৬) এর অধীন দাখিলকৃত অডিট প্রতিবেদন যাচাইপূর্বক আবেদনপত্র বাছাই করতঃ বিএসটিআই যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, কোন আবেদনকারী প্রতিষ্ঠান অধ্যাদেশ ও এই প্রবিধানমালার অধীন ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স প্রাপ্তির সকল শর্তাদিপূরণ করিয়াছে, তাহা হইলে বিএসটিআই উক্ত আবেদনকারী কর্তৃক তফসিল ২ এ উল্লিখিত লাইসেন্স ফি প্রদান সাপেক্ষে উহার অনুকূলে ফরম-৩ এ ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স মঞ্জুর করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন মঞ্জুরকৃত লাইসেন্স এর মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর।

(৩) লাইসেন্সপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান অধ্যাদেশ ও এই প্রবিধানমালার অধীন লাইসেন্সের সকল শর্তাদি পালন করিবে।

৯। **লাইসেন্স নামঞ্জুর**।—(১) প্রবিধান ৬ এর অধীন দাখিলকৃত আবেদনপত্র, দলিলাদি ও প্রশ্নমালায় উল্লিখিত তথ্যাদি এবং প্রবিধান ৭ (৬) এর অধীন দাখিলকৃত অডিট প্রতিবেদন যাচাইপূর্বক বিএসটিআই যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, কোন আবেদনকারী প্রতিষ্ঠান অধ্যাদেশ ও এই প্রবিধানমালার অধীন ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স প্রাপ্তির সকল শর্তাদিপূরণ করে নাই, তাহা হইলে বিএসটিআই উক্ত আবেদন নামঞ্জুর করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কোন আবেদনপত্র নামঞ্জুর করিলে, বিএসটিআই ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত নামঞ্জুরের বিষয়ে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

১০। **লাইসেন্স নবায়ন**।—(১) প্রবিধান ৮ এর অধীন মঞ্জুরকৃত লাইসেন্স এর মেয়াদ শেষ হইবার ৯০ (নব্বই) দিন পূর্বে বিএসটিআই এর নিকট উক্ত লাইসেন্স নবায়নের জন্য, তফসিল ২ এ উল্লিখিত নবায়ন ফি প্রদান সাপেক্ষে, ফরম-৪ এ আবেদন করিতে হইবে।

(২) বিএসটিআই প্রবিধান ৬ এর উপ-প্রবিধান (২), (৩) ও (৪) এবং প্রবিধান ৭ ও ৮ এর বিধান অনুসরণপূর্বক ৩ (তিন) বৎসরের জন্য লাইসেন্স নবায়ন করিতে পারিবে।

১১। **স্ট্যান্ডার্ড মার্ক এর ব্যবহার**।—(১) লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান উহার পণ্য উৎপাদন বা সেবা প্রদান পদ্ধতির ক্ষেত্রে উক্ত লাইসেন্স এর অধীন নির্ধারিত ও অনুমোদিত স্ট্যান্ডার্ড মার্ক ব্যবহার করিবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত লাইসেন্স এর অধীন নির্ধারিত ও অনুমোদিত উক্ত স্ট্যান্ডার্ড মার্ক কোনক্রমেই উক্ত প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য বা সেবার স্ট্যান্ডার্ড মার্ক হিসাবে গণ্য হইবে না।

(২) লাইসেন্সপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান এই প্রবিধানমালার অধীন প্রদত্ত লাইসেন্স এর কোন পরিবর্তন করিবে না।

(৩) লাইসেন্সপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান প্রাপ্ত লাইসেন্স সম্পর্কিত তথ্যাদি ব্রোশিয়ার বা বিজ্ঞাপনের মাধ্যমে প্রকাশ করিতে পারিবে।

১২। **লাইসেন্স রেজিস্টার**।—(১) বিএসটিআই এই প্রবিধানমালার অধীন লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠানের নাম তালিকাভুক্ত করতঃ উহা একটি রেজিস্টারে সংরক্ষণ করিবে।

(২) বিএসটিআই উপ-প্রবিধান (১) এর অধীন সংরক্ষিত রেজিস্টার সময় সময় হালনাগাদ করিবে।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন সংরক্ষিত এবং উপ-প্রবিধান (২) এর অধীন হালনাগাদকৃত রেজিস্টার সকলের জন্য উন্মুক্ত থাকিবে।

১৩। **লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের বাধ্যবাধকতা**।—(১) লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান, লাইসেন্স এর মেয়াদকালীন সময়ে, বিএসটিআই এর চাহিদামাফিক উহার নিকট উক্ত প্রতিষ্ঠানের বর্ণিত কর্ম প্রক্রিয়া অথবা পদ্ধতি পরিচালনা অব্যাহত আছে মর্মে প্রয়োজনীয় প্রমাণ দাখিল করিবে।

(২) যদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা কাজ ৩ (তিন) মাসের অধিক সময় বন্ধ থাকে, তাহা হইলে উক্ত প্রতিষ্ঠান বিএসটিআই কে যথাশীঘ্র উহা অবহিত করিবে।

(৩) যদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা কাজ ৬ (ছয়) মাস বা ততোধিক সময়ের জন্য বন্ধ থাকে, তাহা হইলে বিএসটিআই উক্ত প্রতিষ্ঠানের লাইসেন্স স্থগিত করতঃ ১ (এক) বৎসরের জন্য নির্ধারিত পদ্ধতি মোতাবেক উহার সকল আর্থিক পাওনা পরিশোধের নির্দেশ দিতে পারিবে।

১৪। **ব্যবস্থাপনা পদ্ধতিতে পরিবর্তন**।—(১) লাইসেন্সপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান উহার ব্যবস্থাপনা পদ্ধতিতে কোন পরিবর্তনের ইচ্ছা পোষণ করিলে উক্ত বিষয়ে বিএসটিআইকে অবিলম্বে অবহিত করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন এইরূপ কোন পরিবর্তনের কারণে কোন পুনঃঅডিট বা অতিরিক্ত পরিদর্শন প্রয়োজন হইবে কিনা, অথবা উক্ত প্রতিষ্ঠানকে প্রদত্ত লাইসেন্স উক্ত ক্ষেত্রে প্রযোজ্য থাকিবে কিনা সে বিষয়ে বিএসটিআই এর সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মানিয়া লইবে।

১৫। **লাইসেন্স বাতিল সংক্রান্ত বিধান**।—(১) প্রবিধান ৮ এর অধীন লাইসেন্সপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান অধ্যাদেশ বা এই প্রবিধানমালার কোন বিধান বা উহার অধীন নির্ধারিত কোন শর্ত ভঙ্গ করিলে, বা উহা প্রতিপালনে ব্যর্থ হইলে, অথবা কোন লাইসেন্স বৈধ সময়সীমার মধ্যে নবায়ন করা না হইলে, বিএসটিআই এই প্রবিধানের বিধান সাপেক্ষে, উক্ত প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল করিবে।

(২) বিএসটিআই, উপ-প্রবিধান (১) এর অধীন কোন লাইসেন্স বাতিল করিবার পূর্বে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে কমপক্ষে ১৪ (চৌদ্দ) দিনের নোটিশ প্রদান করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন নোটিশ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিএসটিআই এর নিকট একটি ব্যাখ্যা দাখিল করিতে পারিবে এবং বিএসটিআই উক্ত ব্যাখ্যা প্রাপ্তির ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে, অথবা নোটিশের সময়সীমা অতিক্রান্ত হওয়া পর্যন্ত যাহা বেশী হয় সেই সময়ের মধ্যে, উক্ত প্রতিষ্ঠানকে শুনানির সুযোগ প্রদান করিবে।

(৪) উপ-প্রবিধান (৩) এর অধীন কোন ব্যাখ্যা দাখিল না করিলে, অথবা উপ-প্রবিধান (৩) এর অধীন প্রদত্ত নোটিশ এর সময়সীমা অতিক্রান্ত হইবার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল হইবে।

(৫) এই প্রবিধানের অধীন কোন লাইসেন্স বাতিল হইলে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অবিলম্বে উক্ত লাইসেন্স এর সকল ব্যবহার বন্ধ করতঃ উহা বিএসটিআই এর নিকট ফেরৎ প্রদান করিবে।

১৬। **তত্ত্বাবধান এবং নিয়মিত পর্যবেক্ষণ**।—(১) বিএসটিআই লাইসেন্সপ্রাপ্ত প্রতিটি প্রতিষ্ঠান, অধ্যাদেশ ও এই প্রবিধানমালার অধীন, নিয়মিত তত্ত্বাবধান ও পর্যবেক্ষণ করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন তত্ত্বাবধান ও পর্যবেক্ষণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রত্যেক প্রতিষ্ঠান বিএসটিআইকে তফসিল-২ এ উল্লিখিত স্পেশাল ভিজিট ফি ও সার্ভিল্যান্স ভিজিট ফি প্রদান করিবে।

১৭। **নির্দেশনা প্রদানের ক্ষমতা**।—এই প্রবিধানমালার কোন বিধান কার্যকর করিবার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে, বিএসটিআই উক্ত বিধানের স্পষ্টিকরণ বা ব্যাখ্যা প্রদান করিয়া অধ্যাদেশ এর অধীন যথাযথ নির্দেশনা প্রদান করিতে পারিবে।

**তফসিল-১**

**ফরম-১**

**{প্রবিধান ৬(১) দ্রঃ}**

**বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ অধীনে স্ট্যন্ডার্ডস মার্ক ফর ম্যানেজমেন্ট সিস্টেমস লাইসেন্স ব্যবহারের জন্য লাইসেন্স মঞ্জুরীর আবেদন**

মহাপরিচালক
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন
মান ভবন
১১৬/এ, তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

১. আমি/আমরা (নাম) ঃ

পদবী ঃ

পিতার নাম ঃ

মাতার নাম ঃ

বয়স ঃ

বর্তমান ঠিকানা ঃ

---------------------------------------------------(সংশ্লিষ্ট ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের পূর্ণ নাম )
-------------------------------------------------------------------------------------------
স্থানে (পূর্ণ ব্যবসায়িক ঠিকানা) ব্যবসারত থাকা অবস্থায় বিডিএস আইএসও --------------------- মোতাবেক -------------------------------------------- বিষয়ে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অর্ডিন্যান্স, ১৯৮৫ এর অধীনে ম্যানেজমেন্ট সিস্টেমস লাইসেন্স ব্যবহারের জন্য লাইসেন্স মঞ্জুরীর আবেদন করিতেছি।

এই প্রতিষ্ঠানের পণ্য/পণ্যের পরিধি/সেবা/সেবার পরিধি/প্রক্রিয়া/কার্যক্রমের বিস্তারিত বিবরণ নিম্নে দেওয়া হইল ঃ

২. উল্লেখিত পণ্য/প্রক্রিয়া/কার্যক্রমে আমাদের কারখানা/ইউনিট (কারখানা/ইউনিটের নাম ) --------- ------------------------- (ঠিকানা) --------------------------------------------------- প্রদান করিতেছি।

৩. (ক) আমার/আমাদের কারখানা/ইউনিটের শীর্ষ ব্যবস্থাপনার বর্ণনা নিম্নে দেওয়া হইল ঃ

| ক্রমিক নম্বর | নাম | পদবী |
|---|---|---|

------------------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------- ;

(খ) আমি/আমরা অংগীকার করিতেছি যে, উপরোক্ত শীর্ষ ব্যবস্থাপনার যে কোন পরিবর্তন যথাসময়ে বিএসটিআইকে অবহিত করা হইবে।

৪. আমি/আমরা আমাদের প্রতিষ্ঠান এবং উহার অবস্থান বিষয়ে নিশ্চয়তা সংক্রান্ত রেজিস্ট্রার অব ফার্মস/ডিরেক্টর অব ইন্ডাস্ট্রিজ এর জারীকৃত সার্টিফিকেট এর সত্যায়িত কপি/ফটোকপি অথবা সমমানের অন্যান্য দলিলপত্র এতদসংগে সংযোজন করিয়াছি।

৫. নিয়োজিত কারিগরি ব্যক্তিবর্গ/বিশেষজ্ঞ

| ক্রমিক নম্বর | নাম | যোগ্যতা | দায়িত্ব |
|---|---|---|---|

------------------------------------------------------------------------------------------

৬. আমার/আমাদের প্রণীত ও বিএসটিআই কর্তৃক অনুমোদিত ------------------------ম্যানুয়াল ও -------------------------------- প্ল্যান (কপি সংযোজিত) ব্যবহারের প্রস্তাব করিয়াছি। আমি/আমরা আরও অংগীকার করিয়াছি যে, সংশ্লিষ্ট স্ট্যান্ডার্ড এর প্রয়োজন অনুসারে পরিবর্তন করিব এবং/অথবা সময় সময় বিএসটিআই এর চাহিদা মোতাবেক আমি/আমরা আমাদের ম্যানুয়াল ও প্ল্যান সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন করিব।

৭. আমি/আমরা বিএসটিআই কর্তৃক অনুমোদিত এবং বিডিএস আইএসও --------------- এর জন্য 'গাইডলাইনস ফর এ্যাপ্লিক্যান্ট' প্রদত্ত এবং অথবা সময় সময় বিএসটিআই কর্তৃক নির্ধারিত ফি পরিশোধ করিব।

৮. আমি/আমরা শর্তাবলী পড়িয়াছি এবং অংগীকার করিতেছি যে, বিডিএস আইএসও -------------- এর জন্য 'গাইডলাইন ফর এ্যাপ্লিক্যান্ট এর নির্দেশাবলী' এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ এর বিধানাবলী মানিয়া চলিব।

৯. বিএসটিআই প্রারম্ভিক পরিদর্শন করিলে আমি/আমরা বা আমার/আমাদের আওতাধীন সর্বাত্মক সহযোগিতা ও সুবিধা বিএসটিআইকে প্রদান করিব এবং বিএসটিআই উহার প্রয়োজনে যখনই পরিদর্শন করিবে তাহার সব খরচ আমি/আমরা বহন করিব।

১০. আমি/আমরা বা আমার/আমাদের কারখানা/ইউনিটের প্রথম অডিট কার্যক্রমের জন্য বিএসটিআইকে -------------------------------- তারিখ পরিদর্শন সম্পন্ন করিবার অনুরোধ করিতেছি।

**অথবা**

আমি/আমরা প্রথম অডিট কার্যক্রম পরিদর্শন করিবার সুবিধাজনক সময় আমি/আমাদের প্রস্তুতির পর বিএসটিআইকে যথাসময়ে অবহিত করিব।

১১. প্রত্যয়ন করিতেছি যে, আমি/আমরা -------------------------------- এর জন্য বিএসটিআই এর নিকট -------------------------- তারিখে লাইসেন্স এর জন্য আবেদন করি, যাহা এখনও অসম্পূর্ণ।

১২. আমি/আমরা অংগীকার করিতেছি যে, আবেদন ফর্মে যে সকল তথ্য প্রদান করা হইয়াছে তাহা আমার/আমাদের জানামতে সঠিক ও নির্ভুল।

১৩. বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অধ্যাদেশ. ১৯৮৫ এর লঙ্ঘনজনিত কারণে বিএসটিআই আমাকে/আমাদিগকে কখনও সতর্ক করে নাই বা কোন নির্দেশনা প্রদান করে নাই।

**অথবা**

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অধ্যাদেশ, ১৯৮৫ লঙ্ঘন করিবার কারণে বিএসটিআই আমাকে/আমাদিগকে যে সতর্ক করা/নির্দেশনা প্রদান করিয়াছে তাহার বিবরণ নিম্নে দেওয়া হইল ঃ

------------------------------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------------------------।

১৪. আমি/আমরা এই মর্মে অংগীকার করিতেছি যে, যদি লাইসেন্স মঞ্জুর করা হয় এবং যতদিন উহা কার্যকর থাকিবে ততদিন উক্ত লাইসেন্স এর সমুদয় শর্তাবলী ও উক্ত অধ্যাদেশের অধীন প্রণীত প্রবিধানমালা মানিয়া চলিতে বাধ্য থাকিব। যদি কোন কারণে লাইসেন্স বাতিল করা হয়, তাহা হইলে আমরা অংগীকার করিতেছি যে, উক্ত লাইসেন্স এর অধীনে আমাকে/আমাদিগকে যে সুযোগ প্রদান করা হইয়াছে অবিলম্বে আমরা সে সুযোগের ব্যবহার হইতে বিরত থাকিব এবং বিএসটিআই এর নিকট উক্ত লাইসেন্স ও সকল দলিলপত্র ফেরত প্রদান করিব।

দুই হাজার ----------------- সনের ----------------------- মাসের ---------------- তারিখ

আবেদনকারীর স্বাক্ষর ------------------------

নাম ---------------------------------------

পদবী ------------------------------------

**ফরম ২**

**{প্রবিধান ৬ (২) দ্রঃ}**

সংশ্লিষ্ট বাংলাদেশ স্ট্যান্ডার্ড অনুযায়ী ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স পাইতে আগ্রহী আবেদনকারীর নিকট হইতে প্রাথমিক তথ্য সংগ্রহের জন্য প্রশ্নমালা

১. প্রতিষ্ঠানের বিস্তারিত বর্ণনা

১.১ প্রতিষ্ঠানের নাম

১.২ কারখানার ঠিকানা........................................................

টেলিফোন.............................. মোবাইল..............................
ফ্যাক্স..............................

ই-মেইল............................. ওয়েব সাইট................................

১.৩ নিবন্ধিত অফিসের ঠিকানা

টেলিফোন.......................... মোবাইল........................ ফ্যাক্স......................

ই-মেইল....................................... ওয়েব সাইট....................................

যোগাযোগের নির্দিষ্ট ব্যক্তি (ম্যানেজমেন্ট প্রতিনিধি)

(নাম ঃ ..............................................পদবী ঃ......................................

পিতার নাম ঃ.......................................মাতার নাম ঃ................................

বয়স ঃ..........................................................................................

বর্তমান ঠিকানা ঃ...........................................................................)

টেলিফোন..................................... মোবাইল..........................................

ফ্যাক্স......................... ................ই-মেইল...........................................

ওয়েব সাইট ....................................

১.৪ ইউনিটের পর্যায়—

বৃহৎ ঃ

মধ্যম ঃ

ছোট ঃ

১.৫ কোন বৃহৎ সংস্থার আংশিক ইউনিট হইলে মূল সংস্থার নাম ও ঠিকানা দিন।

নাম..........................................................

ঠিকানা......................................................

২. কর্মরত লোকবল

২.১ কর্মরত লোকবলের সংখ্যা লিখুন, যাহাদেরকে নিরীক্ষাকালীন সময়ে পাওয়া যাইবে, অর্থাৎ সার্টিফিকেশনের আওতায় সহায়ক সকল কর্মকর্তা ও কর্মচারীর তালিকা প্রদান করিতে হইবে।

৩. অতিরিক্ত তথ্যাবলী (আইএসও ৯০০১ ও আইএসও ১৪০০১ ও এইচএসিসিপি এর জন্য)

৩.১ পণ্য ও প্রক্রিয়ার শ্রেণীভিত্তিক বর্ণনা, যাহার জন্য লাইসেন্স এর জন্য আবেদন করা হইয়াছে..............................

৩.২ কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম সট্যান্ডার্ড এবং/অথবা এইচএসিসিপি সিস্টেম স্ট্যান্ডার্ড এসেসমেন্ট সিডিউল, যাহা প্রযোজ্য বিডিএস আইএসও.................................

৩.৩ এসেসমেন্টের বিস্তারিত বর্ণনা এবং/অথবা লাইসেন্স যাহা ইতিমধ্যেই পাওয়া গিয়াছে..................................

৩.৪ যে কোন কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম ডকুমেন্টেশনের বিস্তারিত বর্ণনা এবং/অথবা এইচএসিসিপি ডকুমেন্টেশন.............................

৪. অতিরিক্ত তথ্যাবলী (আইএসও ১৪০০১ এর জন্য)

৪.১ ভূমি ব্যবহার (সাইট)

ক. মোট জমির পরিমাণ

খ. ভবনের মোট আয়তন

গ. ইউনিট/কারখানার মোট এলাকা

ঘ. কয়টি ফ্লোর

ঙ. ভবনের উচ্চতা

চ. কার্যালয়ের উচ্চতা

ছ. বন্যপ্রাণীর আবাসনের জন্য রক্ষিত মোট এলাকা

জ. দূষিত হতে পারে এমন স্থানের পরিমাণ

৪.২ কাঁচামাল/প্রাকৃতিক সম্পদ

ক. কাঁচামালের নাম

খ. আমদানীকৃত/স্থানীয় কিনা

গ. বার্ষিক ব্যবহারের মূল্যমান

ঘ. প্রাকৃতিক সম্পদের ব্যবহার, যদি থাকে

৪.৩ জ্বালানী ব্যবস্থাপনা

ক. জ্বালানীর উৎস-কয়লা/এলপিজি/তেল/বিদ্যুৎ/অপ্রচলিত জ্বালানী/ট্রাডিশনাল

খ. জ্বালানী-জ্বালানী কাঠ/ডিজেল জেনারেটিং সেট

গ. জ্বালানীর পরিমাণ (কিলোওয়াট)

ঘ. স্থানীয় কর্তৃপক্ষের ক্লিয়ারেন্স সার্টিফিকেট

৪.৪ বায়ু মান ব্যবস্থাপনা

ক. সিও, সিওটু, এসওটু, ইত্যাদি নির্গমনের পরিমাণ

৪.৫ পানির ব্যবস্থাপনা

ক. পানির উৎস-ভূপরিস্থ/মিউনিসিপ্যাল

খ. পানির ব্যবহার

গ. বর্জ্য পানির ব্যবস্থাপনা

ঘ. গরম পানির ব্যবস্থাপনা

৪.৬ দূষিত পানি ব্যবস্থাপনা

ক. দূষিত পানির ধরন

খ. দূষিত পানির মান

গ. ব্যবস্থাপনার ধরন

৪.৭ বর্জ ব্যবস্থাপনা

ক. প্রস্তুতকৃত পণ্যের প্রতি ইউনিটে উৎপাদিত বর্জ্য

খ. পুনঃ ব্যবহৃত বর্জ্যের শতকরা হার

গ. প্যাকেজিং কাজে ব্যবহৃত প্রক্রিয়াজাত মালামালের শতকরা হার

৪.৮ ঝুঁকিপূর্ণ মালামাল ব্যবস্থাপনা

ক. উৎপন্ন ঝুঁকিপূর্ণ মালামালের ধরন

খ. পরিমাণ

গ.অপসারণ/প্রতিস্থাপনের পদ্ধতি

৪.৯ পরিবহন

পরিবেশের উপর আপনার বিতরণ পদ্ধতির প্রভাব কমাইতে আপনি চেষ্টা করিয়াছেন কি?

৪.১০ আইন ও নিয়ন্ত্রণগত প্রয়োজন

ক. আইনগত প্রয়োজন/স্ট্যান্ডার্ড/কোড অব প্রাকটিস তালিকা প্রণয়ন

খ. কর্তৃপক্ষের নিকট হইতে এইগুলির অনুমতি/ক্লিয়ারেন্স পাওয়ার অবিহিত

গ. ফৌজদারী কার্যবিধির সংখ্যা, যদি থাকে

৪.১১ জরুরী অনিশ্চিত অবস্থা মোকাবিলার পরিকল্পনা

ক. পরিবেশগত আকৎস্মিক ঘটনা/দুর্ঘটনা সংখ্যা

খ. জরুরী অবস্থা/দুর্ঘটনা মোকাবিলায় আপনার পরিকল্পনা নির্দেশ করুন

৪.১২ পণ্য বা প্রক্রিয়া যাহার জন্য লাইসেন্স চাওয়া হইয়াছে উহার শ্রেণীভিত্তিক বর্ণনা..............
..........................................................................................................

৪.১৩ পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতির লাইসেন্স ইতোমধ্যে প্রাপ্ত এবং/অথবা পরীক্ষণ সম্পন্ন হইলে উহার বর্ণনা...........................................................................................

৪.১৪ দূষণ নিয়ন্ত্রণ সংস্থার নিকট দাখিলকৃত আপনার সর্বশেষ প্রতিবেদনের একটি কপি অনুগ্রহ করিয়া সংযুক্ত করিবেন।

আবেদনকারীর স্বাক্ষর..........................................

নাম...........................................................পদবী.....................................

................................................ এর পক্ষে

তারিখ......................................... প্রতিষ্ঠানের সিল.....................................

**দ্রষ্টব্য ঃ** ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক এই ফর্মের তিনটি মূল কপি স্বাক্ষরিত হইতে হইবে।

**ফরম-৩**

**{প্রবিধান ৮(১) দ্রঃ}**

**বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন ম্যানেজমেন্ট সিস্টেমস লাইসেন্স**

লাইসেন্স এমএসসি/এল...................................................................

১. বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন, অধ্যাদেশ ১৯৮৫ এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিতকে............................................................(অতঃপর লাইসেন্স বলিয়া অভিহিত) (.......................) লাইসেন্স দেওয়া হইল, যাহা ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন লাইসেন্স এর অনুরূপ নম্বরে, অতঃপর তফসিলে বিশেষভাবে বর্ণিত পণ্য অথবা প্রক্রিয়ার বিষয়ে ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্সধারীদের বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন কর্তৃক প্রণীত ও সংশোধিত রেজিস্টারে লিপিবদ্ধ হইবে। লাইসেন্সধারী শুধুমাত্র উপরোক্ত ঠিকানায় এবং বিডিএস আইএসও........................................... মোতাবেক সিস্টেম ম্যানেজমেন্টের অধীনে বর্ণিত ধরণের পণ্য উৎপাদন করিতে পারিবে।

২. অধ্যাদেশ ও বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা ২০০৯ এর বিধান সাপেক্ষে এই লাইসেন্স মঞ্জুর করা হইল এবং লাইসেন্সধারী উক্ত অধ্যাদেশ ও প্রবিধানমালার সকল বিধানাবলী মানিয়া চলিবে বলিয়া বিএসটিআই এর সহিত চুক্তিবদ্ধ হইল।

৩. এই লাইসেন্স................................তারিখ হইতে বলবৎ হইবে এবং বিধি মোতাবেক নবায়ন করা যাইবে।

..................................সালের...............................তারিখে স্বাক্ষর ও সিলমোহর প্রদান করা হইল।

বিএসটিআই কর্তৃক পূরণযোগ্য ঃ

..........................................................................................

লাইসেন্স নম্বর ও এমএসসি/এল.............................................এর তফসিল

ইস্যু নম্বর...................................

তফসিল...........................................

ম্যানেজমেন্ট সিস্টেমস সার্টিফিকেশনের জন্য পণ্য/প্রক্রিয়ার জন্য প্রতিষ্ঠানকে মঞ্জুরীকৃত লাইসেন্স

বিএসটিআই এর পক্ষে

...........................................................

স্বাক্ষর

নাম ও পদবী................................................

বিএসটিআই

**ফরম-৪**

**{প্রবিধান ১০(১) দ্রঃ}**

**বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ অধীনে স্ট্যান্ডার্ডস মার্ক ফর ম্যানেজমেন্ট সিস্টেমস লাইসেন্স ব্যবহারের জন্য লাইসেন্স নবায়নের আবেদন**

মহাপরিচালক
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন
মান ভবন
১১৬/এ, তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

১. আমি/আমরা (নাম) ঃ

পদবী ঃ

পিতার নাম ঃ

মাতার নাম ঃ

বয়স ঃ

বর্তমান ঠিকানা ঃ

..................................(সংশ্লিষ্ট ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের পূর্ণ নাম)..................................

...........স্থানে (পূর্ণ ব্যবসায়িক ঠিকানা) ব্যবসারত থাকা অবস্থায় বিডিএস আইএসও.................. ...................................মোতাবেক...................................বিষয়ে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অডিন্যান্স, ১৯৮৫ এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ এর অধীন ম্যানেজমেন্ট সিস্টেমস লাইসেন্স এমএসসি/এল...............................মঞ্জুর করা হইয়াছিল। আগামী .....................তারিখ উক্ত লাইসেন্সের মেয়াদ শেষ হইবে বিধায় উক্ত লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতেছি।

এই প্রতিষ্ঠানের পণ্য/পণ্যের পরিধি/সেবা/সেবার পরিধি/প্রক্রিয়া/কার্যক্রমের বিস্তারিত বিবরণ নিম্নে দেওয়া হইলঃ

২. উল্লিখিত পণ্য/প্রক্রিয়া/কার্যক্রমে আমাদের কারখানা/ইউনিট (কারখানা/ইউনিটের নাম)........... ................................(ঠিকানা).......................................প্রদান করিতেছে।

৩. (ক) আমার/আমাদের কারখানা/ইউনিটের শীর্ষ ব্যবস্থাপনার বর্ণনা নিম্নে দেয়া হইলঃ

..................................................................................................................

| ক্রমিক নম্বর | নাম | পদবী |
|---|---|---|

..................................................................................................................

.......................................................................................................;

(খ) আমি/আমরা অংগীকার করিতেছে যে, উপরোক্ত শীর্ষ ব্যবস্থাপনার যে কোন পরিবর্তন যথাসময়ে বিএসটিআইকে অবহিত করা হইবে।

৪. আমি/আমরা আমাদের প্রতিষ্ঠান এবং উহার অবস্থান বিষয়ে নিশ্চয়তা সংক্রান্ত রেজিষ্টার অব ফার্মস/ডিরেক্টর অব ইন্ডাষ্ট্রিজ এর জারীকৃত সার্টিফিকেট এর সত্যায়িত কপি/ফটোকপি অথবা সমমানের অন্যান্য দলিলপত্র এতদ্‌সংগে সংযোজন করিয়াছি।

৫. নিয়োজিত কারিগরি ব্যক্তিবর্গ/বিশেষজ্ঞ

..................................................................................................................

| ক্রমিক নম্বর | নাম | যোগ্যতা | দায়িত্ব |
|---|---|---|---|

..................................................................................................................

.................................................................................................................।

৬. আমার/আমাদের প্রণীত ও বিএসটিআই কর্তৃক অনুমোদিত................ম্যানুয়াল ও ............প্লান (কপি সংযোজিত) ব্যবহারের প্রস্তাব করিয়াছি। আমি/আমরা আরও অংগীকার করিয়াছি যে, সংশ্লিষ্ট স্ট্যান্ডার্ড এর প্রয়োজন অনুসারে পরিবর্তন করিব এবং/অথবা সময় সময় বিএসটিআই এর চাহিদা মোতাবেক আমি/ আমরা আমাদের ম্যানুয়াল ও প্ল্যান সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন করিব।

৭. আমি/আমরা বিএসটিআই কর্তৃক অনুমোদিত এবং বিডিএস আইএসও................এর জন্য 'গাইডলাইন ফর এ্যাপ্লিক্যান্ট' প্রদত্ত এবং/অথবা সময় সময় বিএসটিআই কর্তৃক নির্ধারিত ফি পরিশোধ করিব।

৮. আমি/আমরা শর্তাবলী পড়িয়াছি এবং অংগীকার করিতেছি যে, বিডিএস আইএসও.........এর জন্য 'গাইডলাইন ফর এ্যাপ্লিক্যান্ট এর নির্দেশাবলী' এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ এর বিধানাবলী মানিয়া চলিব।

৯. বিএসটিআই প্রারম্ভিক পরিদর্শন করিলে আমি/আমরা বা আমার/আমাদের আওতাধীন সর্বাত্মক সহযোগিতা ও সুবিধা বিএসটিআইকে প্রদান করিবে এবং বিএসটিআই উহার প্রয়োজনে যখনই পরিদর্শন করিবে তাহার সব খরচ আমি/আমরা বহন করিবে।

১০. আমি/আমরা বা আমার/আমাদের কারখানা/ইউনিটের প্রয়োজনীয় অডিট কার্যক্রমের জন্য বিএসটিআইকে. ..................তারিখ পরিদর্শন সম্পন্ন করিবার অনুরোধ করিতেছি।

অথবা

আমি/আমরা প্রয়োজনীয় অডিট কার্যক্রম পরিদর্শন করিবার সুবিধাজনক সময় আমি/আমাদের প্রস্তুতির পর বিএসটিআইকে যথাসময়ে অবহিত করিব।

১১. প্রত্যয়ন করিতেছে যে, আমি/আমরা......................এর জন্য বিএসটিআই এর নিকট ........................তারিখে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করি, যাহা এখনও অসম্পূর্ণ।

১২. আমি/আমরা অংগীকার করিতেছি যে, আবেদন ফর্মে যে সকল তথ্য প্রদান করা হইয়াছে তাহা আমার/আমাদের জানামতে সঠিক ও নির্ভুল।

১৩. বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অধ্যাদেশ, ১৯৮৫ এর লঙ্ঘনজনিত কারণে বিএসটিআই আমাকে/আমাদিগকে কখনও সতর্ক করে নাই বা কোন নির্দেশনা প্রদান করে নাই।

অথবা

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অধ্যাদেশ, ১৯৮৫ এর লঙ্ঘন করিবার কারণে বিএসটিআই আমাকে/আমাদিগকে যে সতর্ক করা/নির্দেশনা প্রদান করিয়াছে তাহার বিবরণ নিম্নে দেওয়া হইলঃ

..........................................................................................................................
.........................................................................................................................।

১৪. আমি/আমরা এই মর্মে অংগীকার করিতেছি যে, যদি লাইসেন্স নবায়ন করা হয় এবং যতদিন উহা কার্যকর থাকিবে ততোদিন উক্ত লাইসেন্স এর সমুদয় শর্তাবলী ও উক্ত অধ্যাদেশের অধীন প্রণীত প্রবিধানমালা মানিয়া চলিতে বাধ্য থাকিব। যদি কোন কারণে লাইসেন্স বাতিল করা হয়, তাহা হইলে আমরা অংগীকার করিতেছে যে, উক্ত লাইসেন্স এর অধীনে আমাকে/আমাদিগকে যে সুযোগ প্রদান করা হইয়াছে অবিলম্বে আমরা সে সুযোগের ব্যবহার হইতে বিরত থাকিব এবং বিএসটিআই এর নিকট উক্ত লাইসেন্স ও সকল দলিলপত্র ফেরত প্রদান করিব।

দুই হাজার.................সনের.................. মাসের.......................তারিখ......................

আবেদনকারীর স্বাক্ষর.....................

নাম..........................................

পদবী.......................................

এর পক্ষে প্রতিষ্ঠানের সিল

## তফসিল-২

{প্রবিধান ৬(১), ৭(২), ৮(১), ১০(১), ১৬(২) দ্রঃ}

## বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ অধীন ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন সংক্রান্ত নির্ধারিত ফি সমূহ

১। **আবেদন ফি ঃ** {৬(১) }

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অর্ডিন্যান্স, ১৯৮৫ এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ এর অধীন ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন এর নিকট আবেদন দাখিলের সময়, আবেদন পত্রের সহিত প্রত্যেক বৃহৎ প্রতিষ্ঠান ১৫,০০০/০০ টাকা এবং প্রত্যেক ক্ষুদ্র ও মাঝারী প্রতিষ্ঠান (এসএমই) ১০,০০০/০০ টাকা আবেদন ফি প্রদান করিবে।

২। **অডিট ফি ঃ** { ৭(২) }

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অর্ডিন্যান্স, ১৯৮৫ এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ এর অধীন ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স প্রাপ্তির জন্য বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অডিট করিবার লক্ষ্যে, প্রতি অডিট দিনের জন্য উক্ত প্রতিষ্ঠান প্রত্যেক অডিটরকে ৩,০০০/০০ টাকা অডিট ফি প্রদান করিবে।

৩। **লাইসেন্স ফি ঃ** { ৮(১) }

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অর্ডিন্যান্স, ১৯৮৫ এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ এর অধীন বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন কর্তৃক ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স মঞ্জুরীর সিদ্ধান্তের পর বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশনকে প্রত্যেক বৃহৎ প্রতিষ্ঠান ৬০,০০০/০০ টাকা এবং প্রত্যেক ক্ষুদ্র ও মাঝারী প্রতিষ্ঠান (এসএমই) ৪০,০০০/০০ টাকা লাইসেন্স ফি প্রদান করিবে।

৪। **নবায়ন ফি ঃ** { ১০(১) }

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অর্ডিন্যান্স, ১৯৮৫ এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ এর অধীন মঞ্জুরকৃত ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্স নবায়নের লক্ষ্যে, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন এর নিকট নবায়নের আবেদন দাখিলের সময়, আবেদন পত্রের সহিত প্রত্যেক বৃহৎ প্রতিষ্ঠান ১৫,০০০/০০ টাকা এবং প্রত্যেক ক্ষুদ্র ও মাঝারী প্রতিষ্ঠান (এসএমই) ১০,০০০/০০ টাকা নবায়ণ ফি প্রদান করিবে।

৫। **স্পেশাল ভিজিট ফি ও সার্ভিল্যান্স ভিজিট ফি ঃ** { ১৬(২) }

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অর্ডিন্যান্স, ১৯৮৫ এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ এর অধীন ম্যানেজমেন্ট সিস্টেম লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন কর্তৃক প্রয়োজনীয় তত্ত্বাবধান ও পরিদর্শনের নিমিত্ত প্রতি দিনের জন্য জনপ্রতি ৩,০০০/০০ টাকা স্পেশাল ভিজিট ফি এবং ৩,০০০/০০ টাকা সার্ভিল্যান্স ভিজিট ফি প্রদান করিবে।

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন এর আদেশক্রমে

**এ কে ফজলুল আহাদ**
মহাপরিচালক
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)
তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd